



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১১/১২/২০১৮

## বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ে র্যালি ও সেমিনার অনুষ্ঠিত

“করি অনুশাসন, মৃত্তিকা দূষণ” এ প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব মৃত্তিকা দিবস ২০১৮ উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে র্যালি ও সেমিনার। এ উপলক্ষ্যে সকাল ১১ ঘটিকায় এক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমানের সভাপতিত্বে র্যালিতে অংশগ্রহণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সোসাইটির প্রেসিডেন্ট বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বরিশালের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ সাব্বির হোসেন, বিভাগের সকল সম্মানিত শিক্ষকবৃন্দ, ছাত্র উপদেষ্টাসহ মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা। অনুষ্ঠানের ২য় পর্বে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১১.৩০ ঘটিকায় সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, মাটি হচ্ছে মায়ের মতো, মা থেকেই মাটি শব্দটি এসেছে। মা যেমন সবকিছু ধারণ করে ঠিক তেমনি মাটিও সব কিছুকে ধারণ করে। কিন্তু আমরা এ মাটিকে যথেষ্ট ব্যবহার করে তার উর্বরতা শক্তি অনেকটাই ক্ষয়িষ্ণু করে ফেলেছি। আর এ জন্য দরকার সঠিক ভূমি ব্যবস্থাপনা নীতিমালা। উন্নয়নের সাথে অবক্ষয় বিষয়টি জড়িত, আর টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে অর্থনীতি ও পরিবেশের বিষয়টি সংশ্লিষ্ট। কাজেই উন্নয়ন করতে গিয়ে পরিবেশের ভারসম্য যাতে কোন ভাবেই নষ্ট না হয় সে বিষয়ে সচেতন হতে হবে। বাংলাদেশ এখন ধান উৎপাদনে পৃথিবীতে এক নম্বরে রয়েছে। এটা সম্ভব হয়েছে মৃত্তিকার যথাযথ ব্যবহার এবং এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য উপকরণের সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে। আমাদের এ অর্জনকে ধরে রাখতে হবে মৃত্তিকার সঠিক ব্যবহারের মাধ্যমে। সেমিনারে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বরিশাল আঞ্চলের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ সাব্বির হোসেন এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মোঃ হাসিনুর রহমান। সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক মন্ডলী, শিক্ষার্থীসহ অন্যান্য বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন। এদিকে অধ্যকার দুপুর ২ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ “শতবর্ষ রোভার মুট-২০১৮” এ সফল ভাবে অংশগ্রহণ শেষে মাননীয় উপাচার্য মহোদয়ের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। গ্রুপ সম্পাদক মোঃ মহিউদ্দীন সাব্বির এর নেতৃত্বে গ্রুপের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। এ সময় তারা “শতবর্ষ রোভার মুট-২০১৮” এ অংশগ্রহণের সময়কার বিভিন্ন সাফল্য ও অর্জনের কথা উপাচার্য মহোদয় এর কাছে তুলে ধরেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস